# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪২০০

পর্ব ২১: খাদ্য (كتاب الأطعمة)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ

الْفَصْلُ الْأَوَّلُ

আরবী

وَعَنْ أَنَسٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِنَّ اللَّهَ تَعَالَى لَيَرْضَى عنِ العبدِ أنْ يأكلَ الأكلَةَ فيحمدُه عَلَيْهِ أَوْ يَشْرَبَ الشَّرْبَةَ فَيَحْمَدَهُ عَلَيْهَا» . رَوَاهُ مُسْلِمٌ وسنذكرُ حَدِيثي عائشةَ وَأبي هريرةَ: مَا شَبِعَ آلُ مُحَمَّدٍ وَخَرَجَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنَ الدُّنْيَا فِي «بَابِ فَضْلِ الْفُقَرَاءِ» إِنْ شَاءَ اللَّهُ تَعَالَى

বাংলা

৪২০০-[৪২] আনাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আল্লাহ তা’আলা তাঁর সে বান্দাদের প্রতি সন্তুষ্টি প্রকাশ করেন, যে এক গ্রাস খাদ্য খেয়ে তার প্রশংসা করে অথবা এক ঢোক পানি পান করে তার শুকরানা আদায় করে। (মুসলিম)[1]

গ্রন্থকার বলেন, مَا شَبِعَ آلُ مُحَمَّدٍ এবং خَرَجَ النَّبِيُّ ﷺ مِنَ الدُّنْيَا. ’আয়িশাহ্ ও আবূ হুরায়রা (রাঃ) কর্তৃক বর্ণিত হাদীসদ্বয় ইনশা-আল্লাহ ’’ফকিরদের মর্যাদা অধ্যায়ে’’ বর্ণনা করব।

ফুটনোট

[1] সহীহ : মুসলিম (২৭৩৪)-৮৯, তিরমিযী ১৮১৬, সিলসিলাতুস্ সহীহাহ্ ১৬৫১, সহীহুল জামি‘ ১৮১৬, মুসনাদে আবূ ইয়া‘লা ৪৩৩২, মুসান্নাফ ইবনু আবূ শায়বাহ্ (২৬)-১, মুসনাদে আহমাদ ১১৯৭৩, শু‘আবুল ঈমান ৬০৪৬।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (إِنَّ اللهَ تَعَالٰى لَيَرْضٰى عَنِ الْعَبْدِ أَنْ يَأْكُلَ الْأُكْلَةَ فَيَحْمَدَهٗ عَلَيْهِ) ‘‘আল্লাহ তা‘আলা বান্দার প্রতি এতই সন্তুষ্ট হন যে, সে একবার আহার করে অথবা এক গ্রাস খাবার খেয়ে আল্লাহর প্রশংসা করে।’’ অর্থাৎ আল্লাহ

তা‘আলা যে বান্দাকে আহারের ব্যবস্থা করেছেন অথবা তাকে একগ্রাস খাবার সুযোগ দিয়েছেন এজন্য ঐ বান্দা আল্লাহর প্রশংসা করে এতে তিনি এ বান্দার প্রতি রাজী খুশী থাকেন।

(أَوْ يَشْرَبَ الشَّرْبَةَ فَيَحْمَدَهٗ عَلَيْهَا) ‟অথবা একবার পান করে, অতঃপর এজন্য আল্লাহর প্রশংসা করে এতেও আল্লাহ তার প্রতি খুশী হন।’’

অত্র হাদীসের শিক্ষা : খাবার খেয়ে অথবা কিছু পান করে আল্লাহর প্রশংসা করা মুস্তাহাব।

(মিরক্বাতুল মাফাতীহ; শারহুন নাবাবী ১৭শ খন্ড, হাঃ ২৭৩৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)
Link — https://www.hadithbd.com/hadith/link/?id=74923

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন